সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ

সম্মানী বন্টনসংক্রান্ত নীতিমালা-২০১৭

অধ্যায় ০১: শিরোনাম ও বাস্তবায়ন

অনুচ্ছেদ: ০১

নাম: এই নীতিমালা শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ: ০৬/০৭/২০১৪ খ্রি. মোতাবেক জারীকৃত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত পরিপত্রের আলোকে প্রণীত। এই নীতিমালা 'সম্মানী বন্টনসংক্রান্ত নীতিমালা-২০১৭' নামে পরিচিত হইবে।

অনুচ্ছেদ: ০২

পরিধি: সরকারি হরগঙ্গা কলেজের বিভিন্ন পরীক্ষাসহ ও পরীক্ষাবিহীন কমিটির (তফসিল 'ছ' অনুযায়ী) সম্মানী বন্টনের জন্য ইহা প্রযোজ্য হইবে। অধিকতর সুবিধার জন্য ছক ১ থেকে ছক ৬ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে অনুসৃত হইবে।

অনুচ্ছেদ: ০৩

এই নীতিমালা স্বাক্ষরিত হবার দিন হইতে কার্যকর হইবে।

অনুচ্ছেদ: ০৪

সংজ্ঞা

- চূড়ান্ত পরীক্ষা বুঝাইতে জাতীয় বিশ্ববিদ্যালয় ও বোর্ডের বিভিন্ন পরীক্ষা বুঝাইবে।
- অভ্যন্তরীণ পরীক্ষা বুঝাইতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নিয়ন্ত্রিত বিভিন্ন সাময়িক/ বার্ষিক/ প্রাক-নির্বাচনী/ নির্বাচনী/ ইনকোর্স পরীক্ষা বুঝাইবে।
- ভর্তি, রেজিস্ট্রেশন ও ফরম পূরণ কমিটি বলতে উচ্চমাধ্যমিক/স্নাতক (পাস)/ সম্মান/ মাস্টার্স ভর্তি, রেজিস্ট্রেশন ও ফরম পূরণ কমিটি বুঝাইবে।
- পরিপত্র বুঝাইতে শিক্ষা মন্ত্রণালয় (এবং প্রয়োজনীয় ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়/বোর্ড) কর্তৃক জারীকৃত পরিপত্র বুঝাইবে।
- অফিস কর্মচারী বলিতে প্রধান সহকারী, কলেজের হিসাব শাখায় কর্মরত কর্মচারী, তৃতীয় শ্রেণির অফিস সহকারী, চতুর্থ শ্রেণির কর্মচারী (যাহারা অধ্যক্ষ কর্তৃক নির্দেশিত হইয়া অফিসের বিভিন্ন কাজে নিয়োজিত), অধ্যক্ষ ও উপাধ্যক্ষ কার্যালয়ে নিয়োজিত কর্মচারী বুঝাইবে।

অধ্যায় ০২: তফসিলসমূহ

অনুচ্ছেদ: ০১ **তফসিল 'ছ'**

ক্রমিক	পরীক্ষা সমূহের নাম
০১	এইচএসসি/স্নাতক (পাস)/ সম্মান/ মাস্টার্স পরীক্ষা কমিটি।
০২	এইচএসসি/স্নাতক (পাস)/ সম্মান/ মাস্টার্স ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি।
০৩	এইচএসসি/স্নাতক (পাস)/ সম্মান/ মাস্টার্স চূড়ান্ত পরীক্ষা ও ফরম পূরণ।

অনুচ্ছেদ: ০২ **তফসিল 'জ'**

ক্র নং	সরকারি কোষাগার	প্রশাসন, অফিস ও পরীক্ষা কমিটি	ইনভিজিলেটর ও পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত শিক্ষক, কর্মচারী (এম.এল.এস.এস. দারোয়ান, সুইপার ও অন্যান্যসহ)	শিক্ষক পরিষদ	মোট
১	০% (পরীক্ষার্থীর সংখ্যা ৫০০ এর নীচে)	৩৮%	৬০%	২%	১০০%
২	৫% (পরীক্ষার্থীর সংখ্যা ৫০১ থেকে ১০০০ হলে)	৩৫%	৫৮%	২%	১০০%
৩	১০% (পরীক্ষার্থীর সংখ্যা ১০০০ এর উর্দ্ধে হলে)	৩২%	৫৬%	২%	১০০%

অধ্যায় ০৩: পারিশ্রমিক/পারিতোষিক প্রদানের হার

অনুচ্ছেদ: ০১

তফসিল **'জ'** এর তৃতীয় কলাম (প্রশাসন, অফিস ও পরীক্ষা কমিটি) বন্টন/প্রদানের হার নিম্নোক্ত ছক অনুযায়ী হইবে।

ছক-০১

পদবী	অনুপাত	মন্তব্য
অধ্যক্ষ	২.০০	
উপাধ্যক্ষ	১.৭০	
আহবায়ক	১.৩০	** অধ্যাপক হলে ১.৪০
সদস্য	১.২০	প্রত্যেকে
কমিটির পিয়ন	০.৬	প্রত্যেকে
অফিস	২.০০	অফিস কর্মচারীদের মধ্যে ছক-০২ অনুযায়ী

ছক-০২

পদবী	অনুপাত	মন্তব্য
প্রধান সহকারী	২.২	
হিসাব রক্ষক	২.০	
হিসাব সহকারী	১.৮	প্রত্যেকে
অফিস সহকারী	১.৮	
দক্ষ বেয়ারার	১.৬	প্রত্যেকে
সরকারি কর্মচারী (চতুর্থ শ্রেণির)	১.৫	প্রত্যেকে
কম্পিউটার অপারেটর (অফিস)	১.৪	
কম্পিউটার অপারেটর (অধ্যক্ষ/ ডাটা এন্ট্রি)	১.৩	প্রত্যেকে
৪র্থ শ্রেণী সাময়িক কর্মচারী (অফিস)	১.১	প্রত্যেকে (পরীক্ষার ক্ষেত্রে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পিয়নদের সম্মানী এই ছকের আওতাভূক্ত হইবে না)

* পরীক্ষা সংক্রান্ত বণ্টনের ক্ষেত্রে কোন কক্ষ পিয়নের প্রদত্ত সর্বোচ্চ ডিউটি সংখ্যার ১০০% (সমান সংখ্যক) ডিউটি শিক্ষক পরিষদ পিয়ন ও ড্রাইভার প্রাপ্ত হইবে এবং কোন কক্ষ পিয়নের প্রদত্ত সর্বোচ্চ ডিউটি সংখ্যার ৭৫% ডিউটি দিবা প্রহরী, নৈশ প্রহরী ও পরিচ্ছন্ন কর্মী প্রাপ্ত হইবে।

অধ্যায় ০৪: ব্যয় সংক্রান্ত

অনুচ্ছেদ: ০১

১। কলেজের বিভিন্ন অভ্যন্তীরীণ পরীক্ষার বন্টন নীতিমালায় সরকারি প্রজ্ঞাপন অনুসরণ করিয়া ছক-০১, ছক-০২ অনুযায়ী সম্মানী বন্টন করিতে হইবে। এইক্ষেত্রে অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্ন প্রণয়ণের জন্য পূর্বের সিলেবাস অনুযায়ী পত্র প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা), সৃজনশীল সিলেবাস অনুযায়ী ২০০/- (দুইশত টাকা) এবং উত্তরপত্র মূল্যায়ন বাবদ উচ্চ মাধ্যমিক (সৃজনশীল পত্রসমূহসহ সকল ক্ষেত্রে), সম্মান ও মাস্টার্স শ্রেণির জন্য উত্তরপত্র প্রতি ১০/- (দশ টাকা) হারে এবং ন্যূনতম ১০০/-(একশত টাকা) সম্মানী প্রদান করা হইবে।

২। পরীক্ষাবিহীন কমিটির (ভর্তি, রেজিস্ট্রেশন ও ফরম পূরণ) ব্যয়, মোট আয়ের ১৫% এর মধ্যে সীমিত থাকিতে হইবে। ব্যয় সম্পন্নের পর অবশিষ্ট অর্থ ৭০% (প্রশাসন+কমিটি+অফিস) + ২৮% (সকল শিক্ষক ও সকল কর্মচারী ১.০০:০.৫০ হারে) + ২% (শিক্ষক পরিষদ) অনুযায়ী বণ্টিত হইবে।

৩। সকল পরীক্ষা সংক্রান্ত ব্যয় মোট আয়ের অনধিক ৩০% এর মধ্যে সীমিত থাকিতে হইবে।

৪। সকল ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছ্রতা সাধন করিতে হইবে।

৫। ব্যয় ভাউচার ও ভ্যাটের চালান যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।

অধ্যায় ০৫: বিভাগীয় বন্টনসংক্রান্ত

অনুচ্ছেদ: ০১

বিভাগসমূহের বিভিন্ন অনুমোদিত অর্থ সংশ্লিষ্টদের মধ্যে ছক-০৩ অনুযায়ী বন্টন করিতে হইবে।

ছক-০৩

পদবী	অনুপাত	মন্তব্য
বিভাগীয় প্রধান/অধ্যাপক	১.৩	
সহযোগী অধ্যাপক	১.২	প্রত্যেকে
সহকারী অধ্যাপক	১.১	প্রত্যেকে
প্রভাষক	১.০	প্রত্যেকে
প্রদর্শক	০.৮	প্রত্যেকে
সেমিনার সহকারী/ডাটাএন্ট্রি অপারেটর	০.৬	প্রত্যেকে
বিভাগীয় কর্মচারী (স্থায়ী/সাময়িক)	০.৫	প্রত্যেকে

অনুচ্ছেদ: ০২ নিজ কলেজের ৪০% অর্থের বন্টন

ডিগ্রী চূড়ান্ত পরীক্ষায় নিজ কলেজের ৪০% অর্থ থেকে (পরীক্ষার্থী সংখ্যা অনুযায়ী) ৬০% কেন্দ্রের সাথে পরীক্ষা কমিটির তহবিলের সাথে যুক্ত হইয়া ১০০% করিতে হইবে এবং অবশিষ্ট ৪০% অর্থ ১০০% পরিণত করিয়া অবশিষ্ট অর্থ নিম্নরূহারে বণ্টিত হইবে।

ক) ৫০% সকল শিক্ষক ও কর্মচারীর মধ্যে (১.০০:০.৫০) হারে বন্টন করা হইবে।

খ) ৫০%- প্রশাসন, কমিটি, অফিস (ছক-১ অনুযায়ী)

অনুচ্ছেদ: ০৩

ডিগ্রী ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত অর্থ থেকে ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থের ৫০% সম্মানী বাবদ (ছক-১ অনুযায়ী) এবং ৫০% কর্মরত সকল শিক্ষক ও কর্মচারীর মধ্যে (১.০০:০.৫০) হারে বন্টিত হইবে।

অনুচ্ছেদ: ০৪

অনার্স পরীক্ষা: অনার্স পরীক্ষার কেন্দ্র থাকলে কলেজের ৪০% অর্থ থেকে কেন্দ্রে আগত মোট পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ১০০% পরিণত করিয়া অবশিষ্ট অর্থ নিম্নরূপহারে বণ্টিত হইবে।

ক) ৫০% সকল শিক্ষক ও কর্মচারীর মধ্যে (১.০০:০.৫০) হারে বণ্টন করা হইবে।

খ) ৫০%- প্রশাসন, কমিটি, অফিস ও বিভাগ (নিম্ন ছক অনুযায়ী)।

ছক-০৪

খাত	**শিক্ষার্থীর সংখ্যা (১-২০০) জন**	**শিক্ষার্থীর সংখ্যা (২০১-৪০০) জন**	**শিক্ষার্থীর সংখ্যা (৪০০ এর উর্দ্ধে)**	**মন্তব্য**
সংশ্লিষ্ট বিভাগ	৪৮%	৫০%	৫৫%	পরীক্ষার্থীর সংখ্যার অনুপাতে
প্রশাসন, কমিটি ও অফিস	৫০%	৪৮%	৪৩%	
শিক্ষক পরিষদ	২%	২%	২%	

অনুচ্ছেদ: ০৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভিন্ন সম্মান ও মাস্টার্স পরীক্ষার কেন্দ্র ফিসের ৪০% (অত্র কলেজে কেন্দ্র না থাকলে) নিম্নোক্ত হারে বন্টন করা হইবে :

ছক-০৫

খাত	অনুপাত	মন্তব্য
সংশ্লিষ্ট বিভাগ	৬০%	পরীক্ষার্থীর সংখ্যার অনুপাতে
প্রশাসন ও অফিস	৩৮%	
শিক্ষক পরিষদ	২%	

অনুচ্ছেদ: ০৬

অনার্স ও মাস্টার্স কোর্সের অভ্যন্তরীণ পরীক্ষা স্ব স্ব বিভাগে পরিচালিত হইলে পরীক্ষার ফি-এর অর্থ নিম্নোক্ত হারে বন্টন করা হইবে।

ছক-০৬

খাত	অনুপাত	মন্তব্য
সংশ্লিষ্ট বিভাগ	৭৮%	পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে
প্রশাসন ও অফিস	২০%	
শিক্ষক পরিষদ	২%	

* অনার্স ও মাস্টার্স এর ইনকোর্স পরীক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ ৯০% (পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে) এবং প্রশাসন ও অফিস ১০% হারে বন্টন করা হইবে।

অধ্যায় ০৬: রহিত করণ

অনুচ্ছেদ: ০১

এই নীতিমালা অফিস আদেশ হিসেবে জারী হইবার সাথে সাথে পূর্বে জারিকৃত এই সংক্রান্ত পূববর্তী সকল আদেশ রহিত বলিয়া গণ্য হইবে।

উপসংহার:

সম্মানী বণ্টন সংক্রান্ত নীতিমালা ২০১৭ প্রণয়নের লক্ষ্যে অধ্যক্ষ, সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ গত ১/১১/২০১৬ তারিখে গঠিত কমিটি কর্তৃক মোট ৬টি অধ্যায় ও ১৫টি অনুচ্ছেদ আকারে নীতিমালা সাজানো হয়। নীতিমালা প্রণয়নে কমিটির সদস্যবৃন্দ এবং অফিস সহকারী মো: আনোয়ার হোসেন স্বত:স্ফুর্ত মতামতের ভিত্তিতে পরিপত্রের আলোকে গঠিত হয়েছে।

সম্মানী বণ্টন সংক্রান্ত নীতিমালা ২০১৭ প্রণয়ন কমিটি

	নাম	পদবী	স্বাক্ষর
১।	প্রফেসর ফরিদা ইয়াসমিন, হিসাববিজ্ঞান	আহবায়ক	
২।	জনাব মোঃ আব্দুল হামিদ মোল্লা, সহযোগী অধ্যাপক, বাংলা	সদস্য	
৩।	জনাব মোহাম্মদ রাসেল কবির, সহকারী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান	সদস্য	
৪।	জনাব মুহাম্মদ খালেদ-উল-হাসান, প্রভাষক, ব্যবস্থাপনা	সদস্য	
৫।	মো: আনোয়ার হোসেন, প্রধান সহকারী	সহায়তাকারী	

স্বাক্ষরিত

(প্রফেসর ড.মীর মাহফুজুল হক)
অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সীগঞ্জ।

শেষ পৃষ্ঠা